অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 10/18/2022 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল ব্রঙ্কসে 51 মিলিয়ন মার্কিন ডলারের সাশ্রয়ী আবাসন ডেভেলপমেন্টের কাজ শেষ হওয়ার ঘোষণা করলেন

ট্রেমন্ট রেসিডেন্সেস ওয়েস্ট ফার্মসে 119টি নতুন সাশ্রয়ী অ্যাপার্টমেন্ট নিয়ে আসে, যার মধ্যে 71টি আবাসে সমর্থক সেবা রয়েছে

গভর্নর ক্যাথি হোকল আজকে ঘোষণা করলেন যে ট্রেমন্ট রেসিডেন্সেসের (Tremont Residences) কাজ শেষ হয়েছে, এটি ব্রঙ্কস এলাকার ওয়েস্ট ফার্মসে একটি 50.6 মিলিয়ন মার্কিন ডলারের সাশ্রয়ী আবাসন ডেভেলপমেন্ট। নতুন 119টি অ্যাপার্টমেন্টের ডেভেলপমেন্টটি গৃহহীনতায় ভুগতে থাকা যেসব ব্যক্তির স্বাধীনভাবে বাস করার জন্য সমর্থন প্রয়োজন তাদের জন্য অনসাইট সেবা প্রদান করে।

"119 ইউনিটের ডেভেলপমেন্টটির অর্থ হলো ব্রঙ্কসের কয়েক ডজন বাসিন্দা ও পরিবার নিজেদের বাসা বলার জন্য একটি নিরাপদ, স্থিতিশীল স্থান পাবে ও র‍্যাপঅ্যারাউন্ড সেবা পাবে যা সমৃদ্ধির জন্য তাদের প্রয়োজন, " **গভর্নর হোকল বলেন।** "প্রকল্পটি আমাদের 25 বিলিয়ন মার্কিন ডলারের আবাসন পরিকল্পনার সম্পূরক, শুধু উচ্চমানের সাশ্রয়ী আবাসন প্রদান করে নয়, বরং দৃঢ়, প্রাণবন্ত এবং স্থিতিস্থাপক সম্প্রদায় তৈরি করার মাধ্যমে।"

ট্রেমন্ট রেসিডেন্সেস আবাসনকে আরো সাশ্রয়ী, ন্যায্য, ও স্থিতিশীল করতে গভর্নর হোকলের পরিকল্পনার সম্পূরক। অর্থবছর 2023 এর স্টেট বাজেটে (State Budget), গভর্নর একটি নতুন 25 বিলিয়ন মার্কিন ডলারের, পাঁচ বছর মেয়াদি, সার্বিক আবাসন পরিকল্পনা উপস্থাপন এবং সফলভাবে নিশ্চিত করেছেন যা নিউ ইয়র্কজুড়ে 100,000টি সাশ্রয়ী আবাস তৈরি বা সংরক্ষণ করে আবাসন সরবরাহ বৃদ্ধি করবে, যার মধ্যে দুঃস্থ জনগোষ্ঠীকে সমর্থন করার জন্য সমর্থক সেবাসহ 10,000টি থাকবে, সেই সাথে আরো 50,000 বাসার বৈদ্যুতিকায়ন করা হবে।
ট্রেমন্ট রেসিডেন্সেসে রয়েছে 95টি স্টুডিও, 14টি এক শয়নকক্ষের, এবং 10টি দুই শয়নকক্ষের অ্যাপার্টমেন্ট যা এলাকার মধ্যম আয়ের (Area Median Income, AMI) 30 থেকে 60 শতাংশ উপার্জন করা গৃহস্থালিদের ক্রয়ক্ষমতার মধ্যে থাকবে।

ডেভেলপার ক্যাম্বার প্রোপার্টি গ্রুপ (Camber Property Group) এবং স্লেট প্রোপার্টি গ্রুপ (Slate Property Group), ওয়েস্টহ্যাব, ইনকর্পোরেশনের (Westhab, Inc.) সাথে অংশীদারিত্ব করেছে 71টি গৃহস্থালিতে অনসাইট সমর্থক সেবা প্রদান করার জন্য যা অর্থায়িত হবে এম্পায়ার স্টেট

সমর্থক আবাসন উদ্যোগের (Empire State Supportive Housing Initiative, ESSHI) মাধ্যমে যা পরিচালিত হয় নিউ ইয়র্ক স্টেটের মানসিক স্বাস্থ্য অফিস (New York State Office of Mental Health, OMH) দ্বারা। সেবার মধ্যে রয়েছে কেস ব্যবস্থাপনা, চাকরির প্রস্তুতি, নিয়োগ, ধরে রাখা, রেফারেল, এবং মানসিক স্বাস্থ্য সেবা। ইউনিটের ভাড়ার ভর্তুকিও রয়েছে মানসিক স্বাস্থ্য অফিস থেকে এম্পায়ার স্টেট সমর্থক আবাসন উদ্যোগের অধীনে।

একটি খালি একতলা খুচরা বিক্রির ভবনকে ভেঙ্গে ফেলে 11তলা নতুন ভবনটি হয়েছে। ডেভেলপমেন্টের সুযোগ সুবিধার মধ্যে রয়েছে বাসিন্দাদের জন্য একটি সামাজিক সেবার অফিস স্যুইট, ল্যান্ডস্কেপ করা ঘরের বাইরের বিনোদনমূলক স্থান, পূর্ণকালীন নিরাপত্তা, একটি 1,300 বর্গফুটের কমিউনিটি কক্ষ, ফিটনেস কেন্দ্র, কম্পিউটার ল্যাব, পড়াশোনার লাউঞ্জ, বাইক রাখার জায়গা, এবং প্রতি তলায় লন্ড্রি কক্ষ।

নিচতলায় রয়েছে 6,500 বর্গফুটের বাণিজ্যিক স্থান যার মালিক তৃতীয় পক্ষ এবং এটি বর্তমানে ভাড়ার জন্য উপলভ্য আছে। প্রকল্পটি একটি মিশ্র ব্যবহারের, উন্নত ট্রানজিট এলাকায়, মেডিক্যাল ফ্যাসিলিটি, স্কুল, দোকানপাটের কাছে এবং ক্রোটানা পার্ক ও ব্রঙ্কস পার্ক, বোটানিক্যাল গার্ডেন ও ফোর্ড ইউনিভার্সিটি (Fordham University) থেকে হাঁটা দূরত্বে অবস্থিত।

ট্রেমন্ট রেসিডেন্সেস এন্টারপ্রাইজ সবুজ সম্প্রদায়ের মানদণ্ড (Enterprise Green Communities Standards) অনুসরণ করে এবং এখানে রয়েছে এনার্জি স্টার (Energy Star) অ্যাপ্লায়েন্স, সৌর প্যানেল, পানি সংরক্ষণের ফিক্সচার, কম VOC ফিনিশ, এবং কোটেড জানালা। ইন্স্যুলেশন এবং ছাদের কোটিংয়ের উপাদানসমূহ শক্তিদক্ষ করে নকশা করা হয়েছে।

ট্রেমন্ট রেসিডেন্সেসের জন্য স্টেট বিনিয়োগের মধ্যে রয়েছে 8.4 মিলিয়ন মার্কিন ডলারের স্থায়ী কর-রেয়াত বন্ড, ফেডারেল ও স্টেট নিম্ন আয়ের আবাসন কর ক্রেডিট (Low-Income Housing Tax Credits) যা 17.3 মিলিয়ন মার্কিন ডলার ইক্যুইটি সৃষ্টি করেছে, নিউ ইয়র্ক স্টেট হোমস এবং কমিউনিটি রিনিউয়াল (New York State Homes and Community Renewal) থেকে 20.5 মিলিয়ন মার্কিন ডলারের একটি ভর্তুকি। OMH সমর্থক আবাসনের জন্য প্রায় 1.8 মিলিয়ন মার্কিন ডলার বার্ষিক পরিচালনা তহবিল প্রদান করছে এবং কর্মসূচির ডেভেলপমেন্ট অনুদান (Program Development Grant) তহবিল হিসেবে মোট 479,544 মার্কিন ডলার প্রদান করছে।

গত পাঁচ বছরে, নিউ ইয়র্ক স্টেটের হোমস এবং কমিউনিটি রিনিউয়াল (New York State Homes and Community Renewal, HCR) ব্রঙ্কসে প্রায় 7,500টি সাশ্রয়ী অ্যাপার্টমেন্ট তৈরি বা সংরক্ষণ করার জন্য 1 বিলিয়ন মার্কিন ডলারের বেশি বিনিয়োগ করেছে।

নিউ ইয়র্ক স্টেটের হোমস এবং কমিউনিটি রিনিউয়ালের কমিশনার রুথঅ্যান ভিস্নাউস্কাস বলেন, "119টি সাশ্রয়ী অ্যাপার্টমেন্টসহ নতুন 51 মিলিয়ন মার্কিন ডলারের ট্রেমন্ট রেসিডেন্সেস হলো ব্রঙ্কসে জীবনযাত্রার মান উন্নয়ন করতে স্টেটের চলমান অঙ্গীকারের প্রমাণ। গভর্নর হোকলের আবাসন পরিকল্পনার মাধ্যমে আমরা যেই ডেভেলপমেন্টগুলিতে বিনিয়োগ করছি তার প্রত্যেকটি এলাকাকে পুনর্জীবিত এবং বলীয়ান করে এবং বাসিন্দাদের জন্য নিজেদের বরোতে সাশ্রয়ী জীবনযাপনের নতুন সুযোগ প্রদান করে। আমাদের অংশীদারদের কল্যাণে,

ট্রেমন্ট রেসিডেন্সেস 71 জন ব্যক্তিকে সমর্থক সেবা প্রদান করবে যারা এখন আর গৃহহীনতার সম্মুখীন হবে না বরং আরো স্থিতিশীল ও ফলপ্রসূ ভবিষ্যতের পথে পদার্পণ করেছে।"

নিউ ইয়র্ক স্টেটের মানসিক স্বাস্থ্য অফিসের কমিশনার অ্যান সালিভ্যান বলেন, "ট্রেমন্ট রেসিডেন্সেসের 71টি সমর্থক আবাসন মানসিক অসুস্থতা নিয়ে বেঁচে থাকা ব্যক্তিদেরকে একটি স্বাগত বাসা, স্থিতিশীলতা, এবং নিরাপত্তা প্রদান করবে। মানসিক স্বাস্থ্য সেবা প্রদানের পাশাপাশি, প্রশিক্ষিত কর্মীরা বাসিন্দাদের চাকরি খুঁজতে এবং ধরে রাখতে, তাদের আর্থিক বিষয় ব্যবস্থাপনা করতে, সাপোর্ট গ্রুপের সাথে সংযুক্ত করে দিতে, এবং শিক্ষা অগ্রসর করতে সাহায্য করবে। সংক্ষেপে, বাসিন্দাদেরকে নিজেদের সম্প্রদায়ে পূর্ণাঙ্গ ও ফলদায়ক জীবনযাপনের সুযোগ প্রদান করা হবে। OMH অত্যন্ত গর্বিত HCR-র সাথে অংশীদারিত্ব করে ট্রেমন্ট রেসিডেন্সেসের বাসিন্দাদের আমাদের সমর্থন প্রদান করতে পেরে।"

স্টেট সিনেটর লুইস আর. সেপুলভেডা বলেন, "আমাদের ব্রঙ্কস সম্প্রদায়ে প্রতিটি নতুন বাসা আমাদের জন্য খুশি নিয়ে আসে। ট্রেমন্ট রেসিডেন্সেস শুধু আবাসন নয়, এটি শুধু একটি ভবন নয়। আজকে আমি তাদের ফিতা কাটার অনুষ্ঠানে উপস্থিত ছিলাম এবং তাদের কিছু বাসিন্দাদের মুখে একই কথা শুনেছি, 'এখন আমার একটি বাসা আছে।' একজন সিনেটর হিসেবে আমি ব্যাখ্যা করতে পারি যে এইসব ডেভেলপমেন্ট হওয়ার প্রক্রিয়া কিসের প্রতিনিধিত্ব করে, আমি ব্যাখ্যা করতে পারি এটি কতটা গুরুত্বপূর্ণ এবং আমাদের সম্প্রদায়ের ভালোর জন্য কী পরিবর্তন নিয়ে আসছে, কিন্তু আমার আনন্দ এবং একজন মানুষ যখন বলে যে তার বাসা আছে তখন জীবনে এর প্রভাবের থেকে ভালো ব্যাখ্যা আর হতে পারে না। আমি এই স্বপ্নকে বাস্তবে পরিণত করার জন্য দায়িত্ব পালন করা সকলকে। সরকারি অফিস, বেসরকারি খাত এবং বিশেষ করে নিউ ইয়র্ক স্টেটের হোমস ও কমিউনিটি রিনিউয়ালকে ধন্যবাদ জানাচ্ছি।"

অ্যাসেম্বলি সদস্য কারিনেস রেয়েস বলেন, "ট্রেমন্ট রেসিডেন্সেস হলো এই শহরে আমাদের যেই ধরনের আবাসন প্রয়োজন তার মুখ্য উদাহরণ। পূর্বে গৃহহীন থাকা ব্যক্তিদের স্থায়ী ও সাশ্রয়ী আবাসন প্রদান করা একটি অত্যাবশ্যকীয় লাইফলাইন যা পাওয়ার সুযোগ যথেষ্ট পরিমাণ মানুষের কাছে নেই। ক্যাম্বার প্রোপার্টি গ্রুপ, স্লেট প্রোপার্টি গ্রুপ, এবং ওয়েস্টহ্যাব ইনকর্পোরেশন একটি দুর্দান্ত সম্প্রদায় তৈরি করেছে যেখানে ট্রেমন্টের বাসিন্দারা স্বাচ্ছন্দ্য বোধ করতে পারবে। সাশ্রয়ী আবাসনের একজন অ্যাডভোকেট হিসেবে, আমি দৃঢ়ভাবে বিশ্বাস করি যে আমাদের বরোতে, আমাদের শহরে, বাসা থাকা স্বাভাবিক হওয়া উচিত, বিশেষাধিকার নয়।"

ব্রঙ্কস বরোর প্রেসিডেন্ট ভ্যানেসা এল. গিবসন বলেন, "প্রত্যেক নিউ ইয়র্কবাসীর সাশ্রয়ী, মানসম্পন্ন, নিরাপদ আবাসন পাওয়ার অধিকার রয়েছে যা তাদের জীবনকে উন্নত করে এবং দৃঢ় সম্প্রদায় গঠন করে। যখন আমরা আমাদের বর্তমান গৃহহীনতা সঙ্কটের বিরুদ্ধে লড়াইয়ের কাজ করে যাচ্ছি, তখন আমি কৃতজ্ঞ যে ট্রেমন্ট রেসিডেন্সেস মিশ্র ব্যবহারের সমর্থক ভবন, র‍্যাপঅ্যারাউন্ড সেবা, এবং আমাদের সর্বাপেক্ষা দুর্বল বাসিন্দাদের প্রয়োজন মেটাতে সুযোগ সুবিধা প্রদান করবে। আমি গভর্নর হোকল, নিউ ইয়র্ক স্টেটের হোমস এবং কমিউনিটি রিনিউয়াল, নিউ ইয়র্ক স্টেটের মানসিক স্বাস্থ্য অফিস, ক্যাম্বার প্রোপার্টি গ্রুপ, স্লেট প্রোপার্টি গ্রুপ, এবং ওয়েস্টহ্যাব ইনকর্পোরেশনকে আমাদের বরোতে আবাসন নিরাপত্তাহীনতা হ্রাস করতে তাদের অঙ্গীকারের জন্য ধন্যবাদ জানাতে চাই।"

নিউ ইয়র্ক সিটির কাউন্সিল সদস্য রাফায়েল সালামানকা বলেন, "এমন একটি সময়ে যখন সিটির পূর্বে গৃহহীন থাকা মানুষের জন্য স্থায়ী আবাসনের চাহিদা একটি অতি সঙ্কটপূর্ণ অবস্থায় পৌঁছেছে, তখন ট্রেমন্ট রেসিডেন্সেস দুর্বল নিউ ইয়র্কবাসী ও নিম্ন আয়ের পরিবারের জন্য তাদের দুয়ার খুলবে এই সংবাদটি দারুণভাবে স্বাগত। ইউনিটগুলি বাজারজাত করা হচ্ছে AMI-র 60 শতাংশের কমে এবং অতিরিক্ত সহায়তা প্রয়োজন এমন বাসিন্দাদের জন্য র‍্যাপঅ্যারাউন্ড সেবা প্রদান থাকছে, তাই ট্রেমন্ট রেসিডেন্সেস নিউ ইয়র্কবাসীর জন্য একটি মরূদ্যান হয়ে উঠবে। আমি ক্যাম্বার প্রোপার্টি গ্রুপ, স্লেট প্রোপার্টি গ্রুপ এবং ওয়েস্টহ্যাব, ইনকর্পোরেশনকে ধন্যবাদ জানাতে চাই, যেই ব্যক্তি ও পরিবারের প্রয়োজন সবথেকে বেশি তাদের জন্য মর্যাদাপূর্ণ সাশ্রয়ী আবাসন গঠনে তাদের অব্যাহত অংশীদারিত্বের জন্য।"

স্লেট প্রোপার্টি গ্রুপের সহপ্রতিষ্ঠাতা এবং প্রিন্সিপ্যাল ডেভিড সোয়ার্জ বলেন, "নিউ ইয়র্কবাসীদের সমৃদ্ধির জন্য আমাদেরকে নিশ্চিত করতে হবে যাতে তাদের কাছে উচ্চমানের সাশ্রয়ী আবাসন পাওয়ার সুযোগ থাকে যা তাদের প্রাপ্য এবং এমন সমর্থক সেবা ও সংস্থান পাওয়ার সুযোগ থাকে যা আমাদের সর্বাপেক্ষা দুর্বল প্রতিবেশীদের সফল হতে সাহায্য করতে পারে। ট্রেমন্ট রেসিডেন্সেস সেই ভিশনের একটি মনোমুগ্ধকর উদাহরণ। আমরা ওয়েস্টহ্যাব, ক্যাম্বার প্রোপার্টি গ্রুপ, আমাদের সরকারি অংশীদারগণ এবং সকল স্থানীয় নেতৃবৃন্দ যারা এই নতুন বাসা ও সেবাকে বাস্তবে পরিণত করতে সাহায্য করেছে, তাদের ভূয়সী প্রশংসা করছি। আমরা বিশেষ করে কৃতজ্ঞ ট্রেমন্ট রেসিডেন্সেসের নতুন বাসিন্দাদের প্রতি যারা সেই সবকিছুর প্রতীক যা ব্রঙ্কসকে একটি প্রাণবন্ত, স্থিতিস্থাপক সম্প্রদায় করে তোলে – বাড়িতে স্বাগতম।"

ক্যাম্বার প্রোপার্টি গ্রুপের প্রিন্সিপ্যাল রিক গ্রোপার বলেন, "ট্রেমন্ট রেসিডেন্সেস হলো নাগরিক বিচক্ষণতার ডেভেলপার এবং সেবা প্রদানকারীদের একটি দুর্দান্ত সহযোগিতামূলক কাজ যা সেই বাসিন্দাদের অতি প্রয়োজনীয় সাশ্রয়ী আবাসন ও র‍্যাপঅ্যারাউন্ড সমর্থক সেবা প্রদান করে যাদের এর সবথেকে বেশি প্রয়োজন রয়েছে, বলেন। আমাদের শহরের প্রতিটি কোণায় আবাসন সঙ্কটের সমাধান করতে হবে, এবং আমি গর্বিত যে স্লেট, ওয়েস্টহ্যাব, এবং নির্বাচিত কর্মকর্তাদের এবং অন্যান্য সম্প্রদায়ের স্টেকহোল্ডারদের সাথে মিলে ব্রঙ্কসে এতগুলি সাশ্রয়ী বাসা নিয়ে আসতে কাজ করতে পেরেছি।"

ওয়েস্টহ্যাব ইনকর্পোরেশনের প্রেসিডেন্ট ও প্রধান নির্বাহী কর্মকর্তা রিচার্ড নাইটিঙ্গেল বলেন, "ওয়েস্টহ্যাব ট্রেমন্ট রেসিডেন্সেস ডেভেলপমেন্ট দলের একটি অংশ হতে পেরে গর্বিত যারা সম্প্রদায়ে 119 ইউনিট উচ্চমানের স্থায়ী সাশ্রয়ী আবাসন প্রদান করছে, যার মধ্যে 71টি ইউনিট হলো পূর্বে গৃহহীন থাকা গৃহস্থালিসমূহের জন্য সম্পূর্ণ অন্তর্ভুক্ত সমর্থক আবাসন। ওয়েস্টহ্যাব ভাড়াটিয়াদের চলমান সেবা দিতে পেরে আনন্দিত যা নিশ্চিত করবে যে আমাদের সকল বাসিন্দা স্থায়ী আবাসনে সমৃদ্ধি করতে পারবে।"

###